

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১০১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবৃ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

ٱلْفصْلُ التَّالِثُ (بَابِ مَنَاقِبِ عَلَيِّ بن أبي طَالب)

আরবী

وَعَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ سَبَّ عَلِيًّا فَقَدْ سَبَّنِي» . رَوَاهُ أَحْمد

اسناده ضعیف ، رواه احمد (6 / 323 ح 27284) [و صححه الحاکم (3 / 121) و وافقه الذهبی] * ابو اسحاق مدلس و عنعن ، و روی ابو یعلی (7013) من حدیث السدی (اسماعیل بن عبد الرحمن) عن ابی عبدالله الجدلی قال :" قالت ام سلمة : ایسب رسول الله صلی الله علیه و آله وسلم علی المنابر ؟ قلت : و انی ذلک ؟ قالت : الیس یسب علی و من یحبه ؟ فاشهد ان رسول الله صلی الله علیه و آله وسلم کان یحبه " و سنده حسن ۔

(ضَعِيف)

বাংলা

৬১০১-[১৫] উক্ত রাবী [উম্মু সালামাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে লোক 'আলীকে গালি দিল, সে যেন আমাকে গালি দিল। (আহমাদ)

ফুটনোট

য'ঈফ: মুসনাদে আহমাদ ২৬৭৯১, য'ঈফুল জামি ৫৬১৮; কারণ সনদে আবূ সনদে আবূ ইসহাক্ আস্ সাবী-ঈ আছে। আর সে হাদীস উল্টাপাল্টাভাবে বর্ণনাকারী; হিদায়াতুর রুওয়াত ৫/৪৩১, য'ঈফাহ্ ২৩১০।



ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি 'আলী (রাঃ)-কে গালি দিল সে যেন নবী (সা.) -কে গালি দিল। কারণ তিনি তার বংশের লোক। এখান থেকে বুঝা যাচ্ছে, 'আলী (রাঃ)-কে গালি দেয়া কুফরী কাজ। আর এ কাজিট যেন ধমক ও সতর্কতাস্বরূপ। ইবনু আব্বাস (রাঃ) থেকে তবারানী বর্ণনা করেছেন, যে ব্যক্তি আমার সাহাবীদেরকে গালি দিবে, তার ওপর আল্লাহর লা'নাত, মালায়িকাহ'র (ফেরেশতাদের) লা'নাত ও সকল মানুষের লা'নাত। 'আলী (রাঃ) থেকে তবারানী-এর এক বর্ণনায় এসেছে, যে ব্যক্তি নবীদের গালি দিবে তাকে হত্যা করা হবে, আর যে সাহাবীদেরকে গালি দিবে তাকে বেত্রাঘাত করা হবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন